

# বিজাতীয় গাছ সনাক্তকরণ ও বাছাই



## প্রণয়নে

ড. মীর শরফ উদ্দিন আহমেদ  
ড. ইবনে সৈয়দ মো. হারুনুর রশীদ  
ড. আরমিন ভূঁইয়া  
ড. মোহাম্মদ জাহিদুল ইসলাম  
তনুয় চক্রবর্তী এবং  
নাদিয়া আকতার

## সম্পাদনায়

ড. মোহাম্মদ খালেকুজ্জামান  
এম এ কাসেম

## কৌলি সম্পদ ও বীজ বিভাগ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট

ওয়েব সাইট: [www.brri.gov.bd](http://www.brri.gov.bd); [www.knowledgebank-brri.org](http://www.knowledgebank-brri.org)

ই-মেইল: [dg@brri.gov.bd](mailto:dg@brri.gov.bd); [brrihq@yahoo.com](mailto:brrihq@yahoo.com)

মুদ্রণ তত্ত্বাবধান : প্রকাশনা ও জনসংযোগ বিভাগ

কপির সংখ্যা: ২,০০০

প্রকাশনা নম্বর: ২৭০

মার্চ ২০১৯

## প্রকৃত জাত বলতে কি বোঝায়?

প্রকৃত বলতে 'জেনুইন', 'অথেনটিক', 'একই ধরনের' বোঝানো হয়। যদি কোনো জাতের বীজ ও গাছ সেই জাত উদ্ভাবক ব্রিডার নির্ধারিত সকল বৈশিষ্ট্যসমূহ ধারণ বা প্রকাশ করে এবং ব্রিডার সংরক্ষিত নিউক্লিয়াস বীজের গাছের মতো একই ধরনের হয়, তবে সেই বীজ ও গাছসমূহকে প্রকৃত জাত বলে। অন্য কথায়, একটি জাতের পরিচায়ক গুণসম্পন্ন গাছসমূহকেই প্রকৃত জাত বোঝায়, যা তাকে সেই ফসলের অন্য সকল জাত থেকে স্বতন্ত্র (distinct), সমরূপ (uniform) এবং স্থিতিশীল (stable) বৈশিষ্ট্য প্রদান করে।

## কেন প্রকৃত জাতের বৈশিষ্ট্য সংরক্ষণ করা গুরুত্বপূর্ণ?

- জাতের বিশুদ্ধতা প্রত্যক্ষভাবে ফলনের উপর প্রভাব ফেলে। তাই জাতের উচ্চ কৌলিক বিশুদ্ধতা বীজ উৎপাদনের একটি গুরুত্বপূর্ণ পূর্বশর্ত। কারণ ফসলের বীজের প্রতি ১ শতাংশ অবিশুদ্ধতার জন্য ফসলের হেক্টর প্রতি ফলন ১০০ কেজি পর্যন্ত কমে যেতে পারে (Mao *et al.*, 1996)। তাই সঠিকভাবে জাতের প্রকৃত বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণ করা প্রয়োজন।
- বীজ উৎপাদনের বিভিন্ন ধাপে বীজের কৌলিক বিশুদ্ধতা পর-পরাগায়নের মাধ্যমে অথবা বীজ প্রক্রিয়াজাতকরণের ত্রুটি জনিত কারণে বিনষ্ট হয়। তাই প্রকৃত জাতকে রক্ষণাবেক্ষণ করা হয়, অন্যথায় জাতটি বিশুদ্ধতা হারায়।
- এছাড়া বীজ প্রত্যয়নপত্র (seed certification) পেতে জাতের প্রকৃত বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণ করা একান্ত প্রয়োজন।

## কিভাবে প্রকৃত জাতের বৈশিষ্ট্য সংরক্ষণ করা হয়?

ধান গাছের প্রতিটি জাতের প্রকৃত সকল বৈশিষ্ট্য 'শীষ থেকে সারি' (head to row) পদ্ধতিতে সংরক্ষণ করা হয়। এই পদ্ধতিতে প্রথমে প্রতিটি নিউক্লিয়াস বীজকে গুছি ও শীষ (চিত্র ১) এবং তারপর একটি শীষের এক সারির চারা ও এক সারির পূর্ণাঙ্গ গাছ (চিত্র ২) হিসাবে অত্যন্ত নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। এরপর জাতের প্রকৃত বৈশিষ্ট্যসম্পন্ন একই ধরনের (homogenous) সারির গাছসমূহ যোগুলো প্রকৃত জাতের অনুরূপ (true to type), সেগুলো সংরক্ষণ করা হয় এবং ভিন্নরূপের (segregants) সারিগুলো কেটে ফেলা হয়।

